# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 20-05-2025** **Time: 7.35 A.M.**

---

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) কলকাতা হাইকোর্টে আজ ফের প্রাথমিকে ৩২ হাজার কর্মরত শিক্ষকের চাকরি বাতিল সংক্রান্ত মামলার শুনানি।

২) সরকার পক্ষের সঙ্গে বৈঠকে কোনো ইতিবাচক ফল না মেলায় ২২ মে থেকে তিনদিনের ধর্মঘটের সিদ্ধান্তে অনড় বেসরকারি বাস সংগঠন।

৩) সুপ্রীম কোর্টের রায়ে এসএসসি চাকরীহারাদের সরকারের প্রতি আস্থা রাখার জন্য ফের আবেদন জানিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী।

৪) উত্তরবঙ্গ সফরের দ্বিতীয় দিনে মুখ্যমন্ত্রী আজ জলপাইগুড়িতে বিভিন্ন সামাজিক সুরক্ষা প্রকল্পের সুবিধা প্রাপকদের হাতে তুলে দেবেন।

৫) টলিউডে অচলাবস্থা কাটাতে সব পক্ষকে সমন্বয় বজায় রেখে কাজ করার নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট

৬) দক্ষিণা বাতাস এবং জলীয় বাষ্পের প্রভাবে উত্তরবঙ্গের প্রায় সব জেলাতেই আজ ভারি বৃষ্টির সম্ভাবনা।

---

কলকাতা হাইকোর্টে আজ ফের প্রাথমিকে ৩২ হাজার কর্মরত শিক্ষকের চাকরি বাতিল সংক্রান্ত মামলার শুনানি। বিচারপতি তপব্রত চক্রবর্তী ও বিচারপতি ঋতব্রত কুমার মিত্রের ডিভিশন বেঞ্চে দুপুর দুটোয় শুনানি হবে। ২০১৬ সালের এই নিয়োগ প্রক্রিয়ায় একাধিক ত্রুটি রয়েছে মনে করে প্রাক্তন বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায় চাকরি বাতিলের নির্দেশ দিয়েছিলেন। যদিও সেই নির্দেশে ডিভিশন বেঞ্চ স্থগিতাদেশ দেওয়ায় এখনো কারো চাকরি বাতিল হয়নি। তবে এই কর্মরত শিক্ষক শিক্ষিকাদের ভবিষ্যৎ নির্ভর করছে মামলার পরবর্তী নির্দেশের উপর। এসংক্রান্ত ১৪০টির বেশি মামলা দায়ের হয়েছে। প্রাথমিক শিক্ষা পর্ষদের তরফে রাজ্যের এডভোকেট জেনারেল আজ তার যুক্তি উপস্থাপন করবেন আদালতে। এর আগে গত ৭ই মের শুনানিতে রাজ্যের এডভোকেট জেনারেল জানিয়েছিলেন, সিঙ্গেল বেঞ্চের বিচারপতি, প্রাথমিক শিক্ষা পর্ষদের বক্তব্য ভালো করে না শুনেই একতরফা চাকরি বাতিলের নির্দেশ দিয়েছিলেন। নিয়োগের ক্ষেত্রে কোথাও বেআইনি কিছু হয়নি। আগামীকাল ফের তিনি তাঁর বক্তব্য জানাবেন।

---------------------

পুলিশি হয়রানি এবং ১৫ বছরের পুরনো বাস বাতিলের সিদ্ধান্তের প্রতিবাদে পাঁচ দফা দাবিতে বেসরকারি বাস সংগঠনগুলির একাংশআগামী ২২ মে থেকে তিনদিনের ধর্মঘটের ডাক দিয়েছে। গতকাল সরকার পক্ষের সঙ্গে দুইদফায় বৈঠকে কোনো ইতিবাচক ফল না মেলায় ধর্মঘটের সিদ্ধান্তে অনড় রয়েছে জয়েন্ট কাউন্সিল অফ বাস সিন্ডিকেট, বেঙ্গল বাস সিন্ডিকেট, ওয়েস্ট বেঙ্গল বাস মিনিবাস ওনার্স অ্যাসোসিয়েশন, মিনিবাস অপারেটর্স কো-অর্ডিনেশন কমিটি সহ ৭টি বাস মালিক সংগঠন। তাদের তরফে জানানো হয়েছে, আজ সকাল ১১ টায় ভিডিও কনফারেন্সের

মাধ্যমে কলকাতা, হাওড়া ও বিধাননগর পুলিশ কমিশনারেটের DC traffic এর সঙ্গে ওই সংগঠনগুলির প্রতিনিধিদের বৈঠকের কথা রয়েছে।

---------------------

নতুন করে পরীক্ষা না নিয়ে, আইনি লড়াইয়েই যোগ্য শিক্ষকদের চাকরি বাঁচানোর রাস্তা রয়েছে বলে দাবি করেছে চাকরিহারা শিক্ষকদের একটি সংগঠন। এই দাবিতে 'ওয়েস্ট বেঙ্গল আনটেন্টেড টিচার্স অ্যাসোসিয়েশন' নামে নতুন ওই সংগঠন শিক্ষামন্ত্রী ব্রাত্য বসুকে চিঠিও দিয়েছে। উত্তর ২৪ পরগণার ব্যারাকপুরে গতকাল শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু জানান, প্রায় আড়াই হাজার শিক্ষক রাজ্য সরকারের আইনি লড়াইয়ে পাশে থাকার বার্তা দিয়েছেন চিঠিতে।

উল্লেখ্য, আন্দোলনের পদ্ধতি নিয়ে মতপার্থক্য হওয়ায় সম্প্রতি বিকাশ ভবনের সামনে অবস্থানরত চাকরিহারাদের সংগঠনের মধ্যে ভাঙন ধরেছে। তৈরি হয়েছে নতুন এই সংগঠনটি। ওই সংগঠনের তরফে মৃন্ময় মন্ডল জানিয়েছেন, তারাও সুপ্রিম কোর্টে রিভিউ পিটিশন দাখিল করতে চলেছেন।

অন্যদিকে, বিকাশ ভবনের সামনে এখনো অবস্থান বিক্ষোভ চালিয়ে যাচ্ছেন চাকরিহারাদের আরেকটি অংশ।

একটি প্রতিবেদন

---------------------

সুপ্রীম কোর্টের নির্দেশে চাকরী ফিরে পেতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী ফের একবার সরকারের প্রতি আস্থা রাখার জন্য চাকরিহারাদের কাছে আর্জি

জানিয়েছেন। সল্টলেকে বিকাশভবনের সামনে শিক্ষকদের আন্দোলনে বহিরাগতদের উস্কানি রয়েছে বলেও মুখ্যমন্ত্রী অভিযোগ করেছেন।

বাইট মুখ্যমন্ত্রী

এদিকে, মুখ্যমন্ত্রীর এই দাবিকে খারিজ করে দিয়েছেন আন্দোলনরত শিক্ষকরা। যোগ্য চাকরীহারা শিক্ষক ছাড়া কোনো বহিরাগত এই আন্দোলনে নেই বলে তাঁদের দাবি।

বাইট এসএসসি টিচার্স

অন্যদিকে, সিপিআইএম কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী অভিযোগ করেছেন, শিক্ষক হোক বা চিকিৎসকদের আন্দোলন, সর্বত্রই মুখ্যমন্ত্রী বহিরাগত তত্ত্ব খাড়া করেন।

বাইট সুজন

শাসকদলের দুর্নীতির কারণেই এত সংখ্যক শিক্ষক চাকরি হারা হয়েছেন বলে প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার মন্তব্য করেছেন। এখন বিরোধী রাজনৈতিক দলের ওপর দোষ চাপিয়ে নতুন কৌশল নিচ্ছে সরকার।

বাইট শুভঙ্কর

------------------------

উত্তরবঙ্গ সফরের দ্বিতীয় দিনে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ জলপাইগুড়ির ফুলবাড়ির ভিডিওকন গ্রাউন্ডে আয়োজিত এক সরকারী অনুষ্ঠানের মঞ্চ থেকে রাজ্য সরকারের বিভিন্ন সামাজিক সুরক্ষা প্রকল্পের সুবিধা প্রাপকদের হাতে তুলে দেবেন।

এছাড়াও বিভিন্ন জেলায় একাধিক উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাসের কর্মসূচী রয়েছে তাঁর।

আগামীকাল উত্তরকন্যায় সব জেলা প্রশাসনের শীর্ষ আধিকারিকদের নিয়ে মুখ্যমন্ত্রী প্রশাসনিক পর্যালোচনা বৈঠকে অংশ নেবেন। বৃহস্পতিবার তাঁর কলকাতায় ফেরার কথা।

এদিকে, গতকাল মুখ্যমন্ত্রী শিলিগুড়ির দীনবন্ধু মঞ্চে উত্তরবঙ্গ বাণিজ্য সম্মেলনে যোগ দেন। রাজ্যে শিল্প ও বাণিজ্য ক্ষেত্রে উত্তরবঙ্গের সম্ভাবনা নিয়ে স্থানীয় ব্যবসায়ী, শিল্পপতি এবং প্রশাসনিক কর্তা-ব্যক্তিদের সঙ্গে কথা বলেন তিনি। মুখ্যমন্ত্রী বলেন, ওই অঞ্চলের অর্থনৈতিক বিকাশ ও কর্মসংস্থান সৃষ্টির লক্ষে রাজ্য সরকার একাধিক প্রকল্প ও বিনিয়োগ পরিকল্পনা গ্রহণ করেছে। পরিকাঠামো, পর্যটন ও কৃষিভিত্তিক শিল্পে আলাদা করে বিশেষ জোর দেওয়া হবে।

মুখ্যমন্ত্রী জানান, শিলিগুড়িতে আন্তর্জাতিক মানের কনভেনশন সেন্টার তৈরি হবে। গড়ে উঠবে চারটি ইন্ডাস্ট্রিয়াল পার্ক।

----------------------

কলাকুশলীদের একাংশের সঙ্গে পরিচালকদের কাজ করা নিয়ে টলিউডে সৃষ্ট অচলাবস্থার জট কলকাতা হাইকোর্টে আপাতত না কাটলেও সব পক্ষকেই অসহযোগিতা না করে সমন্বয় বজায় রেখে কাজ করার জন্য ফের একবার বলা হয়েছে। তবে, এর মধ্যে যদি কোন সমস্যা দেখা দেয়, সেক্ষেত্রে তা সরাসরি তথ্য সংস্কৃতি দফতরে সচিবের কাছে লিখিতভাবে অভিযোগ দায়ের করা যাবে। বক্তব্য খতিয়ে দেখে সচিবকেই পদক্ষেপ করতে হবে বলে নির্দেশ দিয়েছেন, বিচারপতি অমৃতা সিনহা।

এর আগে গত তেশরা এপ্রিল গিল্ডের ফেডারেশন অফ সিনে টেকনিশিয়ান অ্যান্ড ওয়ার্কার্স কার্ড না থাকলেও টলিপাড়ায় কাজ করার ক্ষেত্রে কলাকুশলীদের সঙ্গে কোন বৈষম্যমূলক আচরণ করা যাবে না বলে হাইকোর্ট নির্দেশ দিয়েছিল। তথ্য সংস্কৃতি দফতরের সচিবকে গোটা বিষয়টি তদন্ত করে আগামী ১৬-জুন আদালতের রিপোর্ট দিতে বলা হয়েছে। ওই দিনই মামলার পরবর্তী শুনানি।

-----------------------

উত্তর ২৪ পরগণার আড়িয়াদহে কলেজ পড়ুয়া যুবক ও তার মাকে প্রকাশ্য রাস্তায় মারধরের ঘটনায় মূল অভিযুক্ত, এলাকার ত্রাস হিসেবে পরিচিত জয়ন্ত সিংয়ের চার তলা বাড়ি ভেঙে ফেলার নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট। জমি দখল করে এবং পুকুরের একাংশ ভরাট করে প্রাসাদোপম বাড়ি বানানোর অভিযোগ ওঠে জয়ন্তের বিরুদ্ধে। বিচারপতি গৌরাঙ্গ কান্ত আড়িয়াদহের মৌসুমী মোড়ের কাছে বেআইনি ঐবাড়ি ৪ সপ্তাহের মধ্যে ভেঙে ফেলতে কামারহাটি পুরসভাকে নির্দেশ দিয়েছেন। বিচারপতি কান্তের পর্যবেক্ষণ, বেআইনি বাড়ি ভেঙে খেলার মাঠ করা হোক।

-----------------------

অপারেশন সিন্দুরের প্রেক্ষাপটে সন্ত্রাসবাদের বিরুদ্ধে সরকারের অবস্থান স্পষ্ট করতে বিভিন্ন দেশে পাঠানো কেন্দ্রীয় প্রতিনিধি দলে তৃণমূল কংগ্রেস যোগ না দেওয়ার যে সিদ্ধান্ত নিয়েছে তার সমালোচনা করেছেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার। এক ভিডিও বার্তায় তিনি বলেন, সরকার যখন আন্তর্জাতিক ক্ষেত্রে কোন সিদ্ধান্ত নেয়, সেখানে প্রত্যেকের উচিত, রাজনৈতিক মতাদর্শের ঊর্ধ্বে উঠে ভাবনা চিন্তা করা । এটি যেহেতু একটি সরকারী দল, সেক্ষেত্রে সদস্য নির্বাচনের ক্ষমতাও সরকারেরই রয়েছে বলে তিনি জানান।

উল্লেখ্য, কেন্দ্রের এই কর্মসূচীতে পাশে থাকলেও সেখানে কোনো সদস্য না পাঠানোর কথা জানান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। কেন্দ্রীয় প্রতিনিধি দলে এর আগে তৃণমূল কংগ্রেস সাংসদ ইউসুফ পাঠানের নাম অন্তর্ভুক্ত করা হয়। এর প্রেক্ষিতে মুখ্যমন্ত্রী বলেন, দলের প্রতিনিধিত্ব কে করবেন , তা দলই স্হির করবে।

ভারতবাসী কোনোদিন যুদ্ধ চায়না, কিন্তু সন্ত্রাসবাদের মত ভয়ংকর সমস্যার মোকাবিলায় এবং দেশের সুরক্ষার প্রয়োজনে প্রতিরোধ অবশ্যই প্রয়োজন বলে অভিনেত্রী সৌমিলি বিশ্বাস মত ব্যক্ত করেছেন।

বাইট সৌমিলি বিশ্বাস

----------------------

বঙ্গোপসাগর থেকে সরাসরি দক্ষিণা বাতাসের আগমন এবং বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বেশি থাকায় আজও কলকাতা সহ রাজ্যের সর্বত্র বৃষ্টির পূর্বাভাস রয়েছে। আলিপুর আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দত্ত আকাশবাণীকে জানিয়েছেন, উত্তরবঙ্গের প্রায় সব জেলাতেই আজ ভারী বৃষ্টির কমলা সর্তকতা জারি রয়েছে। তবে বিক্ষিপ্তভাবে বৃষ্টি হলেও অস্বস্তিকর গরম রয়েছে। কলকাতায় আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ২৮ দশমিক সাত ডিগ্রী সেলসিয়াস স্বাভাবিকের থেকে যা দু ডিগ্রী বেশি।

---------------------- ----------------------